

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৪.১৭- ৭২


তারিখ: ১১ ফাল্গুন ১৪২৬
২৪ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি ডাঃ হালিমুর রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), চন্দনাইশ, চট্টগ্রাম - এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়। কারণ দর্শানো নোটিশ যথাযথভাবে জারি হলেও আপনি কোন জবাব প্রদান করেননি কিংবা ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করেননি। পরবর্তীকালে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ রহিত হয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ কার্যকর হয় এবং বর্ণিত বিভাগীয় মামলাটিতে নতুন বিধিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালিত হয়। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(২)(ঘ) মোতাবেক অভিযোগের বিষয়ে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং 'অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'সরকারি চাকরি হতে অপসারণ' করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এক্ষণে, কেন আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৪ (৫) (ঘ) মোতাবেক সরকারি চাকরি হতে অপসারণ করা হবেনা তার কারণ এ বিধিমালার ৭ (৯) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর জানাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


২৪/০২/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব

Email: disc1@mefwd.gov.bd

ডাঃ হালিমুর রহমান,
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), চন্দনাইশ, চট্টগ্রাম

স্থায়ী ঠিকানা:

গ্রাম: টংগাবাড়ী, ডাকঘর: আশুলিয়া

উপজেলা: সাভার, জেলা: ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার ঢাকা-১২১৫ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চট্টগ্রাম (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক/জারির প্রতিবেদন প্রয়োজনে অভিযুক্ত কর্মকর্তার সর্বশেষ বাস স্থানে প্রদত্ত নমুনা অনুযায়ী লটকায় জারিপূর্বক) মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম।
- ৬। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।